গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন শোকেসিং-এর কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আখতার হোসেন<br>সিনিয়র সচিব |
| ইনোভেশন শোকেসিং এর তারিখ | : | ০৯/০৬/২০২১ খ্রি: |
| সময় | : | ১২:৩০ টা |
| সভার স্থান/মাধ্যম | : | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল<br>Zoom প্লাটফর্ম |
| ইনোভেশন শোকেসিং-এ উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

ইনোভেশন শোকেসিং-এ উপস্থিত/সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানের সঞ্চালনা করেন। তিনি উল্লেখ করেন যে, উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) সাধারণত সরাসরি সেবা গ্রহনকারী ও সেবাপ্রদাকারীর সম্মুখে প্রদর্শন করা হয়। বর্তমান কোভিড পরিস্থিতির কারণে সেটি স্থগিত ছিল। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মৌখিকভাবে জানানো হয়, প্রয়োজনে উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) অনলাইনেও করা যেতে পারে। সেপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের (১) "অর্জিত ছুটি মঞ্জুরি" সেবা এবং (২) "অনলাইনে সভা কক্ষ বরাদ্দ" ই-সেবা, ক্রীড়া পরিদপ্তর কর্তৃক (৩) "ভিডিও রেফারেন্সের মাধ্যমে হকির কলা-কৌশল" এবং বিকেএসপিতে (৪) "অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি" এই চারটি সেবার গৃহিত কার্যক্রম নিয়ে অনলাইন প্লাটফর্মে এই উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) এর আয়োজন করা হয়েছে। এরপর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের স্ব স্ব উদ্ভাবনী সেবাসমূহ Zoom প্লাটফর্মে সংযুক্ত সকলের সম্মুখে উপস্থাপন করেন।

২। সভাপতিসহ সংযুক্ত সকলে মতামত ব্যক্ত করেন যে, প্রদর্শিত চারটি আইডিয়ার সকল আইডিয়াই চমৎকার এবং যে সকল কর্মকর্তা বা দপ্তর/প্রতিষ্ঠান এই আইডিয়াগুলো দিয়েছেন তাদেরকে ইনোভেশন পুরস্কার দেওয়ার বিষয়ে আলোচনা হয়। সভাপতি উল্লেখ করেন যে, আজকে প্রদর্শিত এই চারটি সেবা এবং আগামী ১৫/৬/২০২১ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শিত সেবাসমূহের মধ্য হতে যাচাই-বাছাই করে পরবর্তীতে শ্রেষ্ঠ উদ্ভাবন নির্বাচন করা হবে; তবে প্রতিটি সেবারই সংশ্লিষ্ট উদ্ভাবক/সহজিকরণকারী কর্মকর্তাকে ইনোভেশন পুরস্কার দেওয়া যেতে পারে। সভাপতি আরো উল্লেখ করেন যে, ইনোভেশন বা সহজীকরণ একটি চলমান প্রক্রিয়া। প্রতিনিয়ত সেবা প্রদান প্রক্রিয়ায় সেবা প্রদানের সুবিধার্থে নতুন ইনোভেশন বা ধাপ কমিয়ে সহজিকরণ করা হয়। সভাপতি পরবর্তী বছরে মন্ত্রণালয়ের আরও কয়েকটি সেবার ধাপ কমিয়ে সহজিকরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| (ক) | মন্ত্রণালয়ে ০৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শিত আইডিয়াগুলো এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ১৫/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিতব্য শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শিত উদ্ভাবন আইডিয়াসমূহের মধ্য হতে যাচাই-বাছাই করে পরবর্তীতে শ্রেষ্ঠ উদ্ভাবন নির্বাচন করতে হবে। |
| (খ) | প্রতিটি আইডিয়ার সংশ্লিষ্ট উদ্ভাবক/সহজিকরণকারী কর্মকর্তা বা দপ্তর/প্রতিষ্ঠান-কে ইনোভেশন পুরস্কার দেওয়া হবে। |

৪। সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে ইনোভেশন শোকেসিং আয়োজন অনুষ্ঠান শেষ করেন।

২০২১

(মো: আখতার হোসেন)
সিনিয়র সচিব

নং-৩৪.০০.০০০০.০৪৬.১৬.০০১.১৯-৬০ তারিখঃ ০৯/০৬/২০২১খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) সচিব, সংস্কার ও সমন্বয়, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫) মহাপরিচালক,বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৭) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৯) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপ-সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৫) ...................................................................